অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/2/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল সাফোক কাউন্টিতে 98 মিলিয়ন মার্কিন ডলারের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের কাজ শেষ হওয়ার কথা ঘোষণা করলেন

ম্যাটিনেকক কোর্ট হান্টিংটন টাউনে 145টি সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি করেছে

স্টেট ব্যাপী আরও সাশ্রয়ী আবাসন গড়ে তোলার ক্ষেত্রে গভর্নরের দৃঢ় অঙ্গীকার অব্যাহত রয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ সাফোক কাউন্টির হান্টিংটন টাউনে প্রায় 98 মিলিয়ন ডলার ব্যয়ে নির্মিত সাশ্রয়ী আবাসন প্রকল্প ম্যাটিনকক কোর্ট (Matinecock Court)-এর কাজ সম্পন্ন হওয়ার কথা ঘোষণা করেছেন। এই নবনির্মিত আবাসন প্রকল্পে 145টি সাশ্রয়ী ও সীমিত-ইক্যুইটি সমবায়ভিত্তিক বাসগৃহ তৈরি করা হয়েছে, এর মধ্যে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আটটি এবং প্রবীণ প্রাক্তন সেনাকর্মীদের জন্য চারটি বিশেষ সহায়তাযুক্ত অ্যাপার্টমেন্ট সংরক্ষিত রয়েছে। গভর্নর Hochul (হোকল) -এর নেতৃত্বে নিউ ইয়র্ক স্টেট হোম্‌স অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) সাফোক কাউন্টিতে 2,500টিরও বেশি সাশ্রয়ী আবাসন তৈরি বা সংরক্ষণ করেছে। Matinecock Court এই চেষ্টাকে অগ্রসর করছে এবং এটি গভর্নর Hochul (হোকল)-এর 25 বিলিয়ন মার্কিন ডলারের পঞ্চবার্ষিকী আবাসন পরিকল্পনার অংশ, যা পুরো নিউ ইয়র্ক স্টেটে 100,000টি সাশ্রয়ী মূল্যের বাড়ি নির্মাণ বা সংরক্ষণের লক্ষ্যে সঠিক পথে রয়েছে।

"দীর্ঘদিন ধরেই নিউ ইয়র্কবাসীরা এমন এক আবাসন বাজারের সম্মুখীন হয়ে আসছেন, যেখানে সাশ্রয়ী মূল্যে বসবাসের মতো কোনো জায়গা খুঁজে পাওয়াটা প্রায় নাগালের বাইরে বলে মনে হতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কবাসীদের প্রয়োজনীয় আবাসন গড়ে তোলার মাধ্যমে কী অর্জন করা সম্ভব, Matinecock Court তা-ই তুলে ধরে। সাশ্রয়ী মূল্যের এই 145টি বাড়ি বিভিন্ন ধরনের পরিবারকে স্থায়ীভাবে বসবাসের সুযোগ করে দেবে, তাদের জীবনে স্থিতিশীলতা আনবে এবং একটি প্রাণবন্ত কমিউনিটির অংশ হয়ে ওঠার সুযোগ করে দেবে। এই উন্নয়ন প্রকল্পটিকে বাস্তবে রূপ দেওয়ার মাধ্যমে আমরা ঠিক এখানেই, লং আইল্যান্ডে, ভবিষ্যৎ প্রজন্মের জন্য আরও সাশ্রয়ী এক ভবিষ্যতের দ্বার উন্মোচন করছি।"

Matinecock Court এমন সব পরিবারের জন্য সাশ্রয়ী, যাদের আয় ওই এলাকার মধ্যম আয়ের (Area Median Income) সর্বোচ্চ 80 শতাংশ পর্যন্ত। এই আবাসন প্রকল্পটিতে 17টি দ্বিতল ভবন রয়েছে, যেখানে বাসিন্দাদের জন্য এক, দুই ও তিন বেডরুমের বাসস্থানের সংমিশ্রণ রাখা হয়েছে।

বিকাশজনিত প্রতিবন্ধিতা থাকা যোগ্য ব্যক্তিদের জন্য আটটি সহায়তাযুক্ত অ্যাপার্টমেন্ট এবং প্রবীণ প্রাক্তন সেনাকর্মীদের জন্য চারটি বাড়ি সংরক্ষিত রাখা হয়েছে। AIM Services Inc. (এআইএম সার্ভিসেস ইনকর্পোরেটেড) সহায়তা পরিষেবাগুলো প্রদান করে। এখানে চলাফেরা করার অক্ষমতা বা শারীরিক সীমাবদ্ধতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য 15টি ইউনিট এবং সংবেদনশীল বা ইন্দ্রিয়গত অক্ষমতা রয়েছে এমন বাসিন্দাদের জন্য 6টি ইউনিট রয়েছে।

সম্পূর্ণ বিদ্যুৎ চালিত এই আবাসন প্রকল্পটি মার্কিন এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সি (U.S. Environmental Protection Agency)-র এনার্জি স্টার মাল্টিফ্যামিলি নিউ কনস্ট্রাকশন (Energy Star Multifamily New Construction) কর্মসূচি এবং HCR-এর সাসটেইনিবিলিটি গাইডলাইন্স অনুযায়ী ডিজাইন করা হয়েছে। শক্তি-সাশ্রয়ী বৈশিষ্ট্যগুলোর মধ্যে রয়েছে সম্পূর্ণ বৈদ্যুতিক হিটিং ও কুলিং ব্যবস্থা, বৈদ্যুতিক হিট-পাম্প ওয়াটার হিটার, উন্নত ইনসুলেশন, এলইডি লাইটিং, এনার্জি স্টার অ্যাপ্লায়েন্স এবং লো-ফ্লো প্লাম্বিং।

বাসিন্দারা একটি ক্লাবহাউস ও প্রাঙ্গণের ভেতরে গাড়ি পার্কিংয়ের সুবিধা পান এবং প্রতিটি বাড়িতে বাইরের দিকে প্যাটিও বা বসার জায়গা রয়েছে। Matinecock Court, লং আইল্যান্ড রেল রোডের নর্থপোর্ট স্টেশনের কাছে এবং সাফোক কাউন্টি বাস পরিষেবা, স্কুল, কেনাকাটার স্থান, রেস্তোরাঁ ও লাইব্রেরির সন্নিকটে অবস্থিত।

Housing Help, Inc. -এর সাথে অংশীদারিত্বের ভিত্তিতে D&F Development Group কর্তৃক বাস্তবায়িত ম্যাটিনকক কোর্ট কয়েক দশক ধরে নির্মাণকাজ করে চলেছে। 1978 সালে প্রথম প্রস্তাবিত এই আবাসন প্রকল্পটি বাস্তবায়নের ক্ষেত্রে Housing Help, Inc. এবং 'ন্যাশনাল অ্যাসোসিয়েশন ফর দ্য অ্যাডভান্সমেন্ট অফ কালার্ড পিপল (National Association for the Advancement of Colored People, NAACP)-এর জোরালো ভূমিকা ছিল, প্রকল্পটি ন্যায্য আবাসন আইন সংক্রান্ত আইনি লড়াইয়ের (Fair Housing Act litigation) একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হয়, যা 1988 সালে যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট পর্যন্ত গড়িয়েছিল। আদালত মার্কিন কোর্ট অফ আপিলস-এর সেকেন্ড সার্কিটের সেই যুগান্তকারী রায়টি বহাল রেখেছে, যেখানে বলা হয়েছিল যে হান্টিংটন টাউন একটি নির্দিষ্ট এলাকার জন্য রিজোনিং বা ভূমি ব্যবহারের নতুন বিন্যাসের অনুমতি না দিয়ে ফেয়ার হাউজিং অ্যাক্ট (Fair Housing Act) লঙ্ঘন করেছে, কারণ এই সিদ্ধান্তের ফলে জাতিগতভাবে অসম প্রভাব পড়েছিল। মামলাটির ফলস্বরূপ শেষ পর্যন্ত এমন সব সমঝোতা হয়েছিল, যা আজ যে প্রকল্পটিকে নিয়ে উদযাপন করা হচ্ছে, তার পথ সুগম করতে সহায়তা করেছিল।

ম্যাটিনকক কোর্টের অর্থায়নের মধ্যে সরকারি ও বেসরকারি বিভিন্ন উৎস রয়েছে, যেমন HCR-এর ফেডারেল ও স্টেট লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Federal and State Low-Income Housing Tax Credits) রয়েছে, যা ইকুইটিতে 36 মিলিয়ন এবং ভর্তুকিতে 28 মিলিয়ন ডলারেরও বেশি সৃষ্টি করবে বলে আশা করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজ (Office for People With Developmental Disabilities, OPWDD) 1.7 মিলিয়ন ডলার প্রদান করেছে। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) 1 মিলিয়ন মার্কিন ডলার রিজিয়নাল কাউন্সিল ক্যাপিটাল ফান্ড (Regional

Council Capital Fund) অনুদান থেকে প্রদান করেছে। সাফোক কাউন্টি তাদের হাউজিং অপরচুনিটি (Housing Opportunity) এবং এসওএআর (SOAR) কর্মসূচির মাধ্যমে প্রায় 4.2 মিলিয়ন ডলার প্রদান করেছে। সহায়ক ইউনিটগুলোর পরিচালন ব্যয় OPWDD-এর মাধ্যমে অর্থায়ন করা হয়।

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল কমিশনার রুথঅ্যান ভিসনাউসকাস বলেন, "ম্যাটিনকক কোর্ট হলো আবাসন সংক্রান্ত বাধা দূর করা এবং নিউ ইয়র্ক জুড়ে বিভিন্ন কমিউনিটিকে আরও সাশ্রয়ী ও সহজলভ্য করে তোলার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) এর দৃঢ় সংকল্পের একটি নিদর্শন। কয়েক দশকের নিরলস প্রচেষ্টার পর, ইস্ট নর্থপোর্টে 145টি পরিবার এখন সাশ্রয়ী আবাসন পেয়েছে এবং এই অনন্য সমবায় মডেলের মাধ্যমে দীর্ঘস্থায়ী স্থিতিশীলতা গড়ে তোলার সুযোগ লাভ করেছে। দীর্ঘ প্রতীক্ষিত এই উন্নয়ন প্রকল্পটিকে সফলভাবে বাস্তবায়নের পথে সহায়তা করতে পেরে আমরা অত্যন্ত গর্বিত। আমরা D&F Development Group, হাউজিং হেল্প, সাফোক কাউন্টি, আমাদের স্টেট-স্তরের সহযোগী এবং এমন আরো অনেকের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি, যাদের ঐকান্তিক প্রচেষ্টায় আজকের এই দিনটি সম্ভব হয়েছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, নিউ ইয়র্ক আবাসন সংক্রান্ত সেই চ্যালেঞ্জগুলো মোকাবিলা করছে, যা পরিবার ও আমাদের অর্থনীতি, উভয়ের ওপরই প্রভাব ফেলে। সাশ্রয়ী মূল্যের এই 145টি আবাসন লং আইল্যান্ডে, অর্থাৎ কর্মসংস্থান ও সুযোগ-সুবিধার কাছাকাছি এলাকায়, আরও বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর স্থায়ীভাবে বসবাসের সুযোগ করে দেবে, পাশাপাশি, ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্যও প্রয়োজনীয় কর্মী আকৃষ্ট করা ও ধরে রাখার ক্ষেত্রে এটি একটি শক্তিশালী ভিত্তি গড়ে তুলবে, যা তাদের প্রবৃদ্ধির জন্য অপরিহার্য।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজেবিলিটিজের কমিশনার Willow Baer (উইলো বায়ের) বলেন, "বিকাশজনিত প্রতিবন্ধিতা থাকা ব্যক্তিরা প্রায়শই ন্যূনতম সহায়তার মাধ্যমে নিজেদের কমিউনিটিতে সফলভাবে বসবাস ও কাজ করছেন। এই বিশেষায়িত ইউনিটগুলো এবং গভর্নর Hochul (হোকল) এর আবাসন পরিকল্পনার অন্তর্ভুক্তিমূলক উদ্যোগের ফলে আরও বেশি মানুষ সাশ্রয়ী ও নিরাপদ পরিবেশে স্বাধীনভাবে বসবাসের স্বপ্ন পূরণ করতে পারবেন, একইসাথে নিউ ইয়র্কের কমিউনিটিগুলোর বৈচিত্র্য ও সমৃদ্ধি বজায় থাকবে।"

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "আমি গর্বিত যে ফেডারেল লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট, যা সুরক্ষিত ও সম্প্রসারিত করার জন্য আমি কাজ করেছি, সাফোক কাউন্টিতে 145টি নতুন সাশ্রয়ী বাড়ি নির্মাণে সাহায্যের জন্য 36 মিলিয়ন মার্কিন ডলার তৈরি করেছে। ম্যাটিনকক কোর্ট প্রবীণ প্রাক্তন সেনাকর্মী এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্যও সহায়তামূলক আবাসনের ব্যবস্থা করে। পুরো নিউ ইয়র্ক জুড়ে সাশ্রয়ী আবাসন গড়ে তোলা ও তা সংরক্ষণের লক্ষ্যে গভর্নর Hochul (হোকল) এর ধারাবাহিক প্রচেষ্টার আমি প্রশংসা করি এবং এই অত্যন্ত গুরুত্বপূর্ণ উদ্যোগগুলোকে সহায়তা করার জন্য প্রয়োজনীয় ফেডারেল তহবিল সংগ্রহের লড়াই আমি চালিয়ে যাব।"

সেনেটর Kirsten Gillibrand (কার্স্টেন গিলিব্র্যান্ড) বলেন, "নিরাপদ ও অ্যাক্সেসিবল একটি বাসস্থান সব নিউ ইয়র্কবাসীর অধিকার হওয়া উচিত, বিশেষাধিকার নয়। 98 মিলিয়ন ডলারের এই উন্নয়ন প্রকল্প হান্টিংটনকে পুনরুজ্জীবিত করতে এবং লং আইল্যান্ড জুড়ে ক্রমবর্ধমান ব্যয়ের মোকাবিলা করতে সহায়তা করবে। এই প্রকল্পে 32 মিলিয়ন মার্কিন ডলারের বেশি লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিটের অর্থ বরাদ্দ হতে দেখে আমি গর্বিত এবং আমাদের স্টেটের প্রয়োজনীয় সাশ্রয়ী, সহায়ক আবাসন তৈরি করার জন্য প্রয়োজনীয় সংস্থান পাওয়ার জন্য আমি লড়াই চালিয়ে যাবো।"

অ্যাসেম্বলিমেম্বার Linda B. Rosenthal (লিন্ডা বি. রোজেনথাল) বলেন, "সহায়ক আবাসনসহ আরও সাশ্রয়ী আবাসন নির্মাণ করা স্টেটের আবাসন-ব্যয় সংক্রান্ত সংকট মোকাবিলার মূল চাবিকাঠি। বিদ্যমান আবাসন এর যোগান সংরক্ষণের পাশাপাশি আমাদের আরো এমন সব আবাসন ইউনিট গড়ে তুলতে হবে, যা নিউ ইয়র্কের সেইসব বাসিন্দার সাধ্যের মধ্যে থাকে, যারা দুই বা তিনটি চাকরি করেও সংসার চালাতে হিমশিম খাচ্ছেন। গভর্নরের পাশাপাশি এই কর্মসূচি এগিয়ে নিতে পেরে আমি গর্বিত এবং স্টেটের পঞ্চবার্ষিক আবাসন পরিকল্পনা ও আসন্ন অধিবেশনের জন্য আইনি কর্মপরিকল্পনা প্রণয়নের সময় আমি আরও ন্যায়সঙ্গত একটি কর্মসূচির লক্ষ্যে আমার প্রচেষ্টা অব্যাহত রাখব।"

নিউ ইয়র্ক স্টেটের প্রধান প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা (Chief Disability Officer) Kim Ridley (কিম রিডলি) বলেন, "নিউ ইয়র্কে সহজগম্য ও সর্বজনীন আবাসন ব্যবস্থার ক্ষেত্রে ম্যাটিনকক কোর্ট একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ মানদণ্ড স্থাপন করেছে। শারীরিক, ইন্দ্রিয়গত ও বিকাশজনিত প্রতিবন্ধকতা রয়েছে এমন ব্যক্তিদের জন্য বিশেষভাবে পরিকল্পিত আবাসন ব্যবস্থা অন্তর্ভুক্ত করার মাধ্যমে, এই প্রকল্পটি নিশ্চিত করে যে আমাদের কমিউনিটির সদস্যরা মর্যাদা, নিরাপত্তা ও সমান সুযোগ-সুবিধা নিয়ে স্বাধীনভাবে জীবনযাপন করতে পারবেন। সহজলভ্য আবাসন সম্প্রসারণে গভর্নর Hochul (হোকল) এর প্রতিশ্রুতি প্রতিবন্ধী নিউ ইয়র্কবাসীদের জন্য প্রাণবন্ত ও সহযোগিতামূলক এলাকায় ভালোভাবে জীবনযাপনের প্রকৃত সুযোগ সৃষ্টি করছে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বোর্ড-এর সভাপতি Kevin Law (কেভিন ল) বলেন, "লং আইল্যান্ডে আরও সাশ্রয়ী আবাসনের জরুরি প্রয়োজন রয়েছে এবং সুনির্দিষ্ট স্টেট বিনিয়োগ দীর্ঘদিনের পরিকল্পিত প্রকল্পগুলোকে নিউ ইয়র্কবাসীদের জন্য প্রকৃত সুযোগে পরিণত করতে সহায়তা করতে পারে। ESD-র সহায়তা, এই নতুন বাড়িগুলোর কাজ সম্পন্ন করতে এবং গৃহমালিকানার সুযোগ সম্প্রসারণের পাশাপাশি এই অঞ্চলের অন্যতম দীর্ঘস্থায়ী অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবিলায় সহায়তা করেছে।"

লং আইল্যান্ডের রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Long Island Regional Economic Development Council, LIREDC) সহ-সভাপতিবৃন্দ Linda Armyn (লিন্ডা আর্মিন) এবং Dr. Kimberly R. Cline (ড. কিম্বার্লি আর ক্লাইন) বলেন, "লং আইল্যান্ডের দীর্ঘমেয়াদী সাফল্য এমন সব কমিউনিটির ওপর নির্ভরশীল, যারা সুযোগ-সুবিধার পাশাপাশি উন্নত জীবনযাত্রার মানের সমন্বয় ঘটায়। এই বাড়িগুলো পরিবহন ব্যবস্থা, স্কুল ও কর্মক্ষেত্রের কাছাকাছি অবস্থিত, যা এখানে ভবিষ্যৎ গড়ে তুলতে আগ্রহী পরিবারগুলোর জন্য

নতুন সুযোগ সৃষ্টি করছে। LIREDC এখানে স্টেটের অর্থায়নের সুপারিশ করতে পেরে গর্বিত ছিল, যা দীর্ঘ সময়ের জন্য লং আইল্যান্ডের অর্থনৈতিক ভিত্তিকে সুদৃঢ় করবে।"

D&F Development Group-এর মালিক Peter G. Florey (পিটার জি. ফ্লোরি) বলেন, "এই গুরুত্বপূর্ণ মাইলফলক উদযাপনের মুহূর্তে, ডেভেলপমেন্ট টিম এবং নতুন বাসিন্দাদের পক্ষ থেকে আমরা গভর্নর Hochul (হোকল), NYS হাউজিং ফাইন্যান্স এজেন্সি, NYS অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিজঅ্যাবিলিটিস, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশন, সাফোক কাউন্টি এবং টাউন অফ হান্টিংটন-কে এই প্রক্রিয়ায় তাদের অপরিহার্য ভূমিকার জন্য ধন্যবাদ জানাচ্ছি। ম্যাটিনকক কোর্টের নির্মাণকাজ সম্পন্ন হওয়াটা আবাসন খাতের জন্য যেমন এক বিশাল সাফল্য, তেমনি এটি একটি চমৎকার ভাবে ডিজাইন করা ও প্রাণবন্ত কমিউনিটিরও সূচনা।"

হাউজিং হেল্প ইনকর্পোরেটেড-এর নির্বাহী পরিচালক Pilar Moya-Mancera (পিলার মোয়া-মানসেরা) বলেন, "ম্যাটিনকক কোর্ট হলো ন্যায্য আবাসন নিশ্চিত করার লক্ষ্যে প্রায় অর্ধশতাব্দী ধরে চলা অদম্য প্রচেষ্টা ও এক অসাধারণ লড়াইয়ের চূড়ান্ত ফসল। আমরা হাউজিং হেল্প ইনকর্পোরেটেড, হান্টিংটন শাখা NAACP-র প্রতিষ্ঠাতা ও প্রজন্মের পর প্রজন্মের নেতৃবৃন্দ, স্থানীয় বাসিন্দা, পক্ষসমর্থনকারী এবং আইনজীবীদের সম্মান জানাই, যারা বৈষম্যমূলক জোনিং ব্যবস্থার বিরুদ্ধে রুখে দাঁড়িয়েছিলেন এবং ফেয়ার হাউজিং অ্যাক্টের গুরুত্বপূর্ণ নজির স্থাপনে সহায়তা করেছিলেন। আজ, সেই উত্তরাধিকার, পরিবার, প্রবীণ প্রাক্তন সেনাকর্মী, বয়োজ্যেষ্ঠ এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য 145টি সাশ্রয়ী মূল্যের বাসস্থানের মধ্য দিয়ে টিকে আছে। বাহ্যিক নিয়মকানুন এক অভ্যন্তরীণ ও জীবন্ত বাস্তবে রূপান্তরিত হয়ে উঠেছে। গভর্নর Hochul (হোকল), নিউ ইয়র্ক স্টেট, D&F Development Group এবং এই কমিউনিটি গড়ে তোলার কাজে যারা সহায়তা করেছেন, তাদের সবার প্রতি আমরা কৃতজ্ঞ। ম্যাটিনেকক কোর্ট আমাদের মনে করিয়ে দেয় যে অধ্যবসায় বাড়ি তৈরির চেয়ে আরো বেশি কিছু করতে পারে—এটি আইনকে রূপ দিতে পারে, সরকারি নীতি পরিবর্তন করতে পারে এবং আগামী প্রজন্মের জন্য দরজা খুলে দিতে পারে।"

<u>গভর্নর Hochul (হোকল) এর আবাসন এজেন্ডা</u>

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধানের জন্য এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো সাশ্রয়ী এবং বাসযোগ্য করার জন্য নিবেদিত আছেন। ফিসক্যাল ইয়ার 23 থেকে, গভর্নর 25 বিলিয়ন মার্কিন ডলারের একটি পাঁচ-বছরের সার্বিক হাউজিং প্ল্যান (Housing Plan) শুরু করার মাধ্যমে হাউজিং সাপ্লাই বাড়াতে এবং হাউজিংকে আরো সাশ্রয়ী করতে কাজ করেছেন, তিনি কয়েক দশকের মধ্যে সবথেকে গুরুত্বপূর্ণ হাউজিং ডিল কার্যকর করেছেন এবং ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়ন করেছেন। গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। এখন পর্যন্ত পুরো স্টেটের 450টির বেশি কমিউনিটি প্রো-হাউজিং স্বীকৃতি পেয়েছে।

2027 অর্থবছরের বাজেটের অংশ হিসেবে, গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের State Environmental Quality Review Act, (SEQRA)-তে বেশ কয়েকটি যুগান্তকারী সংস্কার নিশ্চিত করেছেন যাতে তার "লেট দেম বিল্ড (Let Them Build)" এজেন্ডার অংশ হিসেবে আবাসন ও অবকাঠামো নির্মাণের কাজকে দ্রুত করা যায় এবং খরচ কমানো যায়। "লেট দেম বিল্ড"-এর মধ্যে এছাড়াও এমন এক্সিকিউটিভ পদক্ষেপ আছে যাতে এমন অতি গুরুত্বপূর্ণ শ্রেণীর প্রজেক্টকে অগ্রসর করা যায় যেগুলি পরিবেশে গুরুত্বপূর্ণ প্রভাব ফেলে না বলে ধারাবাহিকভাবে দেখা গেছে কিন্তু তার পরেও অনেক দিন ধরে টেপের কারণে আটকে আছে এবং অনেক বিলম্বের শিকার হচ্ছে।

2027 সালের অর্থবছরের নির্বাহী বাজেটটি গভর্নরের বর্তমান পাঁচ বছর মেয়াদী আবাসন পরিকল্পনাকে (Housing Plan) সম্পূর্ণ করে, যার লক্ষ্য হল স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এ পর্যন্ত 87,000-এরও বেশি সাশ্রয়ী আবাসন নির্মাণ বা সংরক্ষণ করা হয়েছে। এছাড়াও হাজার হাজার নতুন সাশ্রয়ী হাউজিং নির্মাণকে দ্রুত করতে এক্সিকিউটিভ বাজেট ক্যাপিটাল তহবিলে 250 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।